বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জেনারেল ক্রেডিট বিভাগ।
www.krishibank.gov.bd

নং- বিকেবি-প্রকা/জেঃক্রেবি/১/৩(০৭)/অংশ-১২/২০২৪-২৫/ ১৭৫(১২০০)

তারিখঃ ১৩ মার্চ, ২০২৫

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ক্ষতিগ্রস্থ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসা ও আর্থিক ব্যবস্থার পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বাছাই কমিটি প্রসঙ্গে।

সূত্র নং- বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ(ডিভিশন-১) এর সূত্র নং-বিআরপিডি(ডি-১)/পি/৬৬১/আরআর/২০২৫-১৫৩২, তারিখঃ ৩০ জানুয়ারি ২০২৫ এবং বিআরপিডি,ডিভিশন-১(সিআরএস)/৯০১/২০২৫-৩৩৬৫, তারিখঃ ১০ মার্চ, ২০২৫।

শিরোনামে বর্ণিত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ(ডিভিশন-১) এর সূত্র নং-বিআরপিডি(ডি-১)/পি/৬৬১/আরআর/২০২৫-১৫৩২, তারিখঃ ৩০ জানুয়ারি ২০২৫ মোতাবেক জারীকৃত পত্রে নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে প্রকৃত ক্ষতিগ্রস্থ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহকে বিশেষ বিবেচনায় নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-৬১৮, তারিখঃ ২৫ ফেব্রুয়ারি, ২০২৫ মূলে মাঠ পর্যায়ে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনার ধারাবাহিকতায় উল্লিখিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন প্রেরণের সময় নিম্নোক্ত নিদের্শনা অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

(ক) নিয়ন্ত্রণ বহির্ভূত কারণ যেমন কোভিড-১৯, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক অর্থনৈতিক নিম্ন প্রবৃদ্ধি, বন্যাসহ প্রাকৃতিক দুর্যোগ ও রাজনৈতিক প্রেক্ষাপটের পাশাপাশি বিনিময় হার অবচয়জনিত ক্ষতি, জ্বালানি মূল্য বৃদ্ধি ও জ্বালানি সংকটজনিত কারণে ক্ষতিগ্রস্থ ব্যবসায়ী ও শিল্প প্রতিষ্ঠানসমূহের আবেদন বিবেচনা করা যাবে। প্রযোজ্য ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর ২০২৪ পরবর্তী সময়ে শ্রেণিকৃত হয়েছে বা অদ্যাবধি শ্রেণিকৃত হয়নি কিন্তু নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে সমস্যাগ্রস্থ (distressed) অবস্থায় রয়েছে এরূপ ঋণসমূহও বিবেচনা করা যাবে;

(খ) আবেদন দাখিলের ক্ষেত্রে প্রাথমিকভাবে, ইতঃপূর্বে ০৩ (তিন) বার বা তার কম পুনঃতফসিলিকৃত ঋণসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

(গ) গ্রাহকের ঋণ পরিশোধের নিমিত্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় নগদ অর্থ প্রবাহ বিবেচনায় নিয়ে তার প্রস্তাবনা ও পরিশোধসূচিসহ ঋণদাতা সংশ্লিষ্ট শাখার সাথে আলোচনাপূর্বক আবেদন দাখিল করবে;

(ঘ) গ্রাহকের আবেদন যাচাই-বাছাই ও বিধি-বিধান পরিপালন করত ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে(সংযুক্ত-ক) বর্ণিত তথ্যাদি সহ অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১) এ দাখিল করতে হবে; এবং

(ঙ) এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা তাদের প্রকৃত ক্ষতিগ্রস্থ গ্রাহকদেরকে অবহিত করবে।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত সূত্রোক্ত পত্রদ্বয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৩/০৩/২৫
(সোহরাব জাকির)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

বিষয়ঃ ক্ষতিগ্রস্থ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসা ও আর্থিক ব্যবস্থার পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বাছাই কমিটি প্রসঙ্গে।

নং- বিকেবি-প্রকা/জেঃক্রেবি/১/৩(০৭)/অংশ-১২/২০২৪-২৫/ ৩৭ ৩(১২৫৪) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৬/০৩/২০২৫

(মহুয়া চন্দ)

সহকারী মহাব্যবস্থাপক

বিষয়ঃ ব্যবসা ও বিনিয়োগ বান্ধব বিভিন্ন সুযোগ সুবিধা (ব্যবসা ও আর্থিক ব্যবস্থার পুনর্গঠন, ঋণ পুনঃতফসিলিকরণ, ঋণবিশ্রেণিকরণ, ঋণ পুনর্গঠন, ঋণের সুদ মওকুফ ইত্যাদি) সম্পর্কিত বাছাই কমিটিতে ঋণ সংক্রান্ত তথ্য প্রেরণ

ঋণগ্রহীতার নামঃ

ব্যাংকের নামঃ
শাখার ও আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়ের নাম
বিভাগীয় কার্যালয়ের নামঃ

হালনাগাদ তথ্যের ভিত্তি তারিখঃ

| ক্রমিক | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ঋণ/বিনিয়োগ গ্রহীতার প্রোফাইল | | |
| ২. | ঋণ/বিনিয়োগ গ্রহীতার গ্রুপ প্রোফাইল (প্রযোজ্য ক্ষেত্রে) | | |
| ৩. | গ্রাহক/গ্রুপের দায় স্থিতি (ঋণের মৌলিক ধরণ/প্রকৃতিসহ) | | |
| ৪. | ঋণের শ্রেণিবিন্যাস/শ্রেণিমানের তথ্য | | |
| ৫. | ঋণ/বিনিয়োগ শ্রেণিকৃত হওয়া বা আদায় না হওয়ার প্রকৃত কারণ | | |
| ৬. | ইতঃপূর্বে গ্রাহককে প্রদত্ত ঋণ পুনঃতফসিল, পুনর্গঠন ও সুদ মওকুফ সুবিধার বিবরণ | | |
| ৭. | ঋণ পুনঃতফসিলের সর্বশেষ তারিখ, ক্রম ও মেয়াদ | | |
| ৮. | গ্রাহকের কোনো ঋণ/বিনিয়োগ ইতঃপূর্বে অবলোপন করা হয়েছে কি-না? (সংশ্লিষ্ট ব্যাংক এবং অন্য কোন ব্যাংক/ফাইন্যান্স কোম্পানিতে হতে) | | |
| ৯. | ঋণ/বিনিয়োগের বিপরীতে গৃহীত সহজামানতের আর্থিক মূল্য | | |
| ১০. | বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দলের মতামত (যদি থাকে) | | |
| ১১. | ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা/বহিঃ নিরীক্ষায় কোন বিরূপ মন্তব্য বা পরিপালনীয় বিষয় থাকলে তার বিবরণ | | |
| ১২. | গ্রাহকের বিরুদ্ধে কোনো মামলা/তদন্ত চলমান থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ | | |
| ১৩. | ঋণগ্রহীতার সাথে ব্যাংকের পরিচালক সংশ্লিষ্টতা আছে কি-না? | | |
| ১৪. | ঋণের সদ্ব্যবহার বিষয়ে ব্যাংকের মতামত | | |
| ১৫. | গ্রাহকের বিষয়ে যাচিত সুবিধাদি এবং ব্যাংকের মূল্যায়ন | | |
| ১৬. | গ্রাহকের (গ্রুপের ক্ষেত্রে গ্রুপভুক্ত সকল প্রতিষ্ঠানের) নিরীক্ষীত এবং প্রক্ষেপিত Cash Flow Statement (সর্বশেষ ০৩ বছরের) | | |
| ১৭. | ঋণগ্রহীতার বর্তমান ব্যবসায়িক অবস্থা | | |
| ১৮. | ঋণ আদায় বিষয়ক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা | | |
| ১৯. | অন্যান্য ব্যাংক/ফাইন্যান্স কোম্পানিতে গ্রাহকের দায় (অর্থায়নকারী প্রতিষ্ঠান ও ঋণের শ্রেণিমান অনুযায়ী) | | |
| ২০. | আলোচ্য সুবিধা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিদ্যমান কোন কোন নীতিমালা বা প্রচলিত বিধি-বিধানের ব্যত্যয় হবে? | | |
| ২১. | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | |

আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
স্বাক্ষর
নামঃ
পদবীঃ
মোবাইল নম্বরঃ

ব্যবস্থাপক
স্বাক্ষর
নামঃ
পদবীঃ
মোবাইল নম্বরঃ

প্রতিস্বাক্ষর (মহাব্যবস্থাপক)

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১)

সূত্রঃ বিআরপিডি,ডিভিশন-১(সিআরএস)/৯০১/২০২৫-৩৩৬৫ তারিখঃ ১০ মার্চ ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসা ও আর্থিক ব্যবস্থার পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বাছাই কমিটি প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে ৩০ জানুয়ারি ২০২৫ তারিখের পত্র নং-বিআরপিডি(ডি-১)/পি/৬৬১/আরআর/২০২৫-১৫৩২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত পত্রে নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে প্রকৃত ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহকে বিশেষ বিবেচনায় নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে আপনাদেরকে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনার ধারাবাহিকতায় উল্লিখিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নিদের্শনা অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো ঃ

ক) নিয়ন্ত্রণ বহির্ভূত কারণ যেমন কোভিড-১৯, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক অর্থনৈতিক নিম্ন প্রবৃদ্ধি, বন্যাসহ প্রাকৃতিক দুর্যোগ ও রাজনৈতিক প্রেক্ষাপটের পাশাপাশি বিনিময় হার অবচয়জনিত ক্ষতি, জ্বালানি মূল্য বৃদ্ধি ও জ্বালানি সংকটজনিত কারণে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও শিল্প প্রতিষ্ঠানসমূহের আবেদন বিবেচনা করা যাবে। প্রযোজ্য ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর ২০২৪ পরবর্তী সময়ে শ্রেণিকৃত হয়েছে বা অদ্যাবধি শ্রেণিকৃত হয়নি কিন্তু নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে সমস্যাগ্রস্ত (distressed) অবস্থায় রয়েছে এরূপ ঋণসমূহও বিবেচনায় নেয়া যাবে;

খ) আবেদন দাখিলের ক্ষেত্রে প্রাথমিকভাবে, ইতঃপূর্বে ০৩(তিন) বার বা তার কম পুনঃতফসিলিকৃত ঋণসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

গ) গ্রাহকের ঋণ পরিশোধের নিমিত্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় নগদ অর্থ প্রবাহ বিবেচনায় নিয়ে তার প্রস্তাবনা ও পরিশোধসূচিসহ ঋণদাতা ব্যাংকের সাথে আলোচনাপূর্বক আবেদন দাখিল করতে হবে;

ঘ) ব্যাংক উক্ত আবেদন যাচাই-বাছাই ও বিধি-বিধান পরিপালন করত ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে সংযুক্ত ছকে বর্ণিত তথ্যাদি সহ ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১) এ দাখিল করবে; এবং

ঙ) এ বিষয়ে ব্যাংক তাদের প্রকৃত ক্ষতিগ্রস্ত গ্রাহকদেরকে অবহিত করবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ০২-৯৫৩০২৫২
ই-মেইলঃ shahriar.siddiqui@bb.org.bd

সংযুক্তিঃ ০১(এক) পৃষ্ঠা।



CamScanner

ব্যবসা ও বিনিয়োগ বান্ধব বিভিন্ন সুযোগ সুবিধা (ব্যবসা ও আর্থিক ব্যবস্থার পুনর্গঠন, ঋণ পুনঃতফসিলিকরণ, ঋণ বিশ্রেণিকরণ, ঋণ পুনর্গঠন, ঋণের সুদ মওকুফ ইত্যাদি) সম্পর্কিত বাছাই কমিটিতে ঋণ সংক্রান্ত তথ্য প্রেরণ

ঋণগ্রহীতার নামঃ

ব্যাংকের নামঃ

হালনাগাদ তথ্যের ভিত্তি তারিখঃ

| ক্রমিক | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ঋণ/বিনিয়োগ গ্রহীতার প্রোফাইল | | |
| ২. | ঋণ/বিনিয়োগ গ্রহীতার গ্রুপ প্রোফাইল (প্রযোজ্য ক্ষেত্রে) | | |
| ৩. | গ্রাহক/গ্রুপের দায় স্থিতি (ঋণের মৌলিক ধরণ/প্রকৃতিসহ) | | |
| ৪. | ঋণের শ্রেণিবিণ্যাস/শ্রেণিমানের তথ্য | | |
| ৫. | ঋণ/বিনিয়োগ শ্রেণিকৃত হওয়া বা আদায় না হওয়ার প্রকৃত কারণ | | |
| ৬. | ইতঃপূর্বে গ্রাহককে প্রদত্ত ঋণ পুনঃতফসিল, পুনর্গঠন ও সুদ মওকুফ সুবিধার বিবরণ | | |
| ৭. | ঋণ পুনঃতফসিলের সর্বশেষ তারিখ, ক্রম ও মেয়াদ | | |
| ৮. | গ্রাহকের কোনো ঋণ/বিনিয়োগ ইতঃপূর্বে অবলোপন করা হয়েছে কি-না?<br>(সংশ্লিষ্ট ব্যাংক এবং অন্য কোন ব্যাংক/ফাইন্যান্স কোম্পানিতে হতে) | | |
| ৯. | ঋণ/বিনিয়োগের বিপরীতে গৃহীত সহজামানতের আর্থিক মূল্য | | |
| ১০. | বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দলের মতামত (যদি থাকে) | | |
| ১১. | ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা/বহিঃ নিরীক্ষায় কোন বিরূপ মন্তব্য বা পরিপালনীয় বিষয় থাকলে তার বিবরণ | | |
| ১২. | গ্রাহকের বিরুদ্ধে কোনো মামলা/তদন্ত চলমান থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ | | |
| ১৩. | ঋণগ্রহীতার সাথে ব্যাংকের পরিচালক সংশ্লিষ্টতা আছে কি-না? | | |
| ১৪. | ঋণের সদ্ব্যবহার বিষয়ে ব্যাংকের মতামত | | |
| ১৫. | গ্রাহকের বিষয়ে যাচিত সুবিধাদি এবং ব্যাংকের মূল্যায়ন | | |
| ১৬. | গ্রাহকের (গ্রুপের ক্ষেত্রে গ্রুপভুক্ত সকল প্রতিষ্ঠানের) নিরীক্ষীত এবং প্রক্ষেপিত Cash Flow Statement (সর্বশেষ ০৩ বছরের) | | |
| ১৭. | ঋণগ্রহীতার বর্তমান ব্যবসায়িক অবস্থা | | |
| ১৮. | ঋণ আদায় বিষয়ক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা | | |
| ১৯. | অন্যান্য ব্যাংক/ফাইন্যান্স কোম্পানিতে গ্রাহকের দায় (অর্থায়নকারী প্রতিষ্ঠান ও ঋণের শ্রেণিমান অনুযায়ী) | | |
| ২০. | আলোচ্য সুবিধা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিদ্যমান কোন কোন নীতিমালা বা প্রচলিত বিধি-বিধানের ব্যত্যয় হবে? | | |
| ২১. | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | |

বিভাগীয় প্রধান

স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

মোবাইল নম্বরঃ

সংশ্লিষ্ট ডিএমডি/এএমডি

স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

মোবাইল নম্বরঃ

CS CamScanner